গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রণালয়ের নাম লিখুন
শ্রম অধিদপ্তর
সালিশী শাখা
www.dol.gov.bd
----

**শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরনী**

---

| | |
|---|---|
| সভাপতি | খালেদ মামুন চৌধুরী এনডিসি<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ২৫/৭/২০২৩ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ের বৈঠকি সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্যগণ। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগতঃ জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্যসচিব সভাপতির অনুমতিক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৩-২৪, ১ম কোয়ার্টারের (জুলাই-সেপ্টেম্বর,২০২৩) প্রতিবেদন উপস্থাপন করেন। পর্যালোচনান্তে ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। প্রতিবেদনের বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। বিষয় ও আলোচনাঃ ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা।
২০২৩-২০২৪ অর্থবছরে প্রতি কোয়ার্টারে ১টি করে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। এর মধ্যে কমপক্ষে ২টি সভা নিজ অফিসের বাহিরে অর্থাৎ মাঠ পর্যায়ের কোন অফিসে গিয়ে অধিক সংখ্যক সেবাগ্রহীতার উপস্থিতিতে বড় পরিসরে করতে হবে। অন্য ২টি সভা নিজ অফিসে করা যাবে।
সিদ্ধান্তঃ নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | তারিখ | স্থান |
|---|---|---|
| ক. | ২০/৮/২০২৩ (১ম কোয়ার্টার) | বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা |
| খ. | ১০/১০/২০২৩ (২য় কোয়ার্টার) | বিভাগীয় শ্রম দপ্তর, নারায়নগঞ্জ |
| গ. | ০৫/২/২০২৪ (৩য় কোয়ার্টার) | শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী |
| ঘ. | ১৪/৫/২০২৪ (৪র্থ কোয়ার্টার) | শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় |

বাস্তবায়নকারীঃ (ক) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা।
(খ) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, নারায়নগঞ্জ।
(গ) পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী।
(ঘ) পরিচালক, (প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়।

২। বিষয় ও আলোচনাঃ ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/মতবিনিময় সভা আয়োজন।

সকল কর্মকর্তা-কর্মচারীর জন্য শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রশিক্ষণ আয়োজনসহ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত সকল ব্যয় নির্বাহের জন্য কোড নম্বর ৩২৫৭১০৬ এ বরাদ্দ নিতে হবে। প্রশিক্ষণ খাতে পর্যাপ্ত বরাদ্দ না থাকলে সকল কর্মকর্তা/কর্মচারীর অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত মতবিনিময় সভা আয়োজন করা যাবে।

সিদ্ধান্তঃ ২০২৩-২০২৪ অর্থবছরের ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর),২০২৩খ্রি. এর মধ্যে কমপক্ষে ৩০(ত্রিশ) জন প্রশিক্ষণার্থী নিয়ে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে। প্রশিক্ষণের নোটিশ, হাজিরা ও ছবি প্রশিক্ষণ শেষে প্রমানক হিসাবে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক (প্রশিক্ষণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। বিষয় ও আলোচনাঃ ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিস্পত্তিকরণ/পরিস্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)।

২০২৩-২৪ অর্থবছরে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমপক্ষে ২ টি কার্যক্রম গ্রহণ করতে হবে। শ্রম অধিদপ্তর নিম্নোক্ত ০২ টি কার্যক্রম গ্রহণ করেছে-

(ক) পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি এবং

(খ) প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা।

সিদ্ধান্তঃ ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর), ২০২৩খ্রি. এর পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি কার্যক্রম আগামী ৩১/৭/২০২৩খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এছাড়া প্রাধিকার প্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা কার্যক্রম আগামী ৩০/১২/২০২৩খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৪। বিষয় ও আলোচনাঃ ২.১ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ।

ক্রয় পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে পিপিআর-২০০৮ এর তফসিল ৫ এ বর্ণিত ফর্ম অনুসরণ করতে হবে। রাজস্ব বাজেট এবং উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে ।

সিদ্ধান্তঃ ২০২৩-২৪ অর্থ বছরের রাজস্ব বাজেটের অনুমোদিত ক্রয়-পরিকল্পনা অর্থবছরের প্রারম্ভে অর্থাৎ ৩১ জুলাই ২০২৩ তারিখের মধ্যে পিপিআর ২০০৮ এ বর্ণিত ফর্ম অনুযায়ী বার্ষিক ক্রয়-পরিকল্পনর প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হ'ল।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৫। বিষয় ও আলোচনাঃ ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং উন্নয়ন বাজেটের) ।

২০২৩-২৪ অর্থ-বছরে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব বাজেটের) ২৫% বাস্তবায়ন করতে হবে । ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন এবং ক্রয়কার্য সংশ্লিষ্ট কাগজপত্র নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। সিদ্ধান্তঃ প্রতিবেদন আগামী ০৪/১০/২০২৩খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন,হিসাব,সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৬। বিষয় ও আলোচনাঃ ২.৩ বাজেট বাস্তবায়ন।

অর্থবছরের শুরুতেই রাজস্ব এবং উন্নয়ন বাজেটের জিওবি অংশের ব্যয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ২৫ % বাস্তবায়ন করে iBAS++ প্রতিবেদন দাখিল করতে হবে ।

সিদ্ধান্তঃ বাজেট বাস্তবায়ন করে iBAS++ প্রতিবেদন আগামী ০৪/১০/২০২৩খ্রি: তারিখের মধ্যে অত্র দপ্তরে দাখিল করবে ।

বাস্তবায়নকারীঃ পরিচালক(প্রশাসন,হিসাব,সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৭। বিষয় ও আলোচনাঃ শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা কমিটি পুনর্গঠন।

সিদ্ধান্তঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে নৈতিকতা কমিটি গঠন করা হ'লঃ

| ক্রমিক নং | পদবী ও কর্মস্থল | কমিটিতে পদবী |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সভাপতি |
| (২) | অতিরিক্ত মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (৩) | পরিচালক (প্রশাসন,হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (৪) | পরিচালক (ট্রেড ইউনিয়ন, প্রশিক্ষণ ও সালিশী), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (৫) | পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (৬) | পরিচালক (মেডিকেল ও শ্রম কল্যাণ শাখা), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (৭) | উপ পরিচালক(প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (৮) | উপ পরিচালক(হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| (৯) | উপ পরিচালক(ট্রেড ইউনিয়ন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (১০) | উপ পরিচালক(পরিকল্পনা, উন্নয়ন ও পরিসংখ্যান), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (১১) | উপ পরিচালক (মেডিকেল ও শ্রম কল্যাণ শাখা), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (১২) | সহকারী পরিচালক (প্রশাসন), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (১৩) | হিসাবরক্ষণ কর্মকর্তা (হিসাব শাখা), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য |
| (১৪) | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয় | সদস্য সচিব |

বাস্তবায়নকারীঃ **পরিচালক(প্রশাসন,হিসাব,সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।**

৮।বিষয় ও আলোচনাঃ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা। সিদ্ধান্তঃ **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় গৃহীত কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত কর্মকর্তাগণকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং** বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসাবে দায়িত্ব প্রদান করা হ'লঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | দায়িত্ব |
|---|---|---|
| (১) | রোখসানা চৌধুরী, উপ পরিচালক (মেডিকেল ও বিনোদন শাখা) | ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| (২) | মির্জা ইকবাল মাহমুদ, সহকারী পরিচালক (প্রশাসন) | বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

বাস্তবায়নকারীঃ **পরিচালক(প্রশাসন,হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৩১-০৭-২০২৩
খালেদ মামুন চৌধুরী এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
০২২২৬৬৬৩৫০১ (ফোন)
dg@dol.gov.bd

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪০.০২.০০০০.০৩৫.১৬.০০৩.২১.৯১৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক, পরিচালক (প্রশাসন, হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর (সিদ্ধান্তের ১,৩,৪,৫,৬,৭ ও ৮নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।;

২। পরিচালক, পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ), শ্রম অধিদপ্তর (সিদ্ধান্তের ২ নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।;

৩। পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর ;

৪। উপ পরিচালক, উপ-পরিচালক (হিসাব ও সাধারণ), শ্রম অধিদপ্তর (সিদ্ধান্তের ৩ ও ৫ নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।;

৫। উপ পরিচালক, উপ-পরিচালক (শ্রম কল্যাণ ও বিনোদন), শ্রম অধিদপ্তর ;

৬। উপপরিচালক, উপ-পরিচালক (ট্রেড ইউনিয়ন), শ্রম অধিদপ্তর ;

৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম অধিদপ্তর (সিদ্ধান্তের ৬ নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।;

৮। সহকারী পরিচালক, প্রশাসন/সংস্থাপন শাখা, শ্রম অধিদপ্তর ;

৯। পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা (সিদ্ধান্তের ১নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।;
১০। পরিচালক, পরিচালকের দপ্তর, বিভাগীয় শ্রম দপ্তর,নারায়নগঞ্জ (সিদ্ধান্তের ১নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল)।;
১১। পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর (সিদ্ধান্তের ১নং ক্রমিকের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল) এবং
১২। সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের ওয়েবসাইট ও শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

১৩-০৮-২০২৩
মোঃ বেল্লাল হোসেন শেখ
পরিচালক (প্রশাসন)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সদস্যগণের হাজিরা